



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd



স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১১.২৭.০০১.২২- ১৬৭

তারিখ: ০৭ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকের শূন্য পদে অধিযাচন (e-Requisition) প্রদানের জন্য বিজ্ঞপ্তি-২০২২
(শুধুমাত্র MPO পদের জন্য)


এতদ্বারা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক ৪র্থ নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ে (Entry Level) শূন্য পদে শিক্ষক নিয়োগ সুপারিশের লক্ষ্যে দেশের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসা ব্যবস্থাপনা) থেকে অনলাইনে **MPO** ভুক্ত শূন্য পদের অধিযাচন (e-Requisition) সংগ্রহের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত অধিযাচন (e-Requisition) কার্যক্রম আগামী ২৬ জুন ২০২২ তারিখ থেকে ৩১ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত চলবে।

২। ৩য় গণবিজ্ঞপ্তির আওতায় নিয়োগ সুপারিশ কার্যক্রম চলমান থাকায় ৩য় গণবিজ্ঞপ্তিতে যে সকল শূন্যপদের e-Requisition প্রদান করা হয়েছে তা বাদ দিয়ে আগামী ৩০ জুন ২০২২ খ্রিঃ তারিখে যে সকল **MPO** ভুক্ত পদ শূন্য হবে ঐ সকল শূন্য পদের অধিযাচন প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো। ৩য় নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় নিয়োগ সুপারিশ প্রদানের পর যে সকল **MPO** ভুক্ত পদে শিক্ষক যোগদান করে অন্যত্র চলে গেছেন সে সকল **MPO** ভুক্ত শূন্য পদের বিপরীতেও অধিযাচন প্রদান করতে হবে।

৩। প্রতিষ্ঠান প্রধানগণ তাদের নিজস্ব User ID এবং Password ব্যবহার করে <http://ngi.teletalk.com.bd> লিংকে অথবা NTRCA এর ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) ই-রিকুইজিশন সেবা বক্সের e-Requisition Log In অপশনে ক্লিক করে e-Requisition প্ল্যাটফরমে প্রবেশ করতঃ অনলাইন ফরমটি পূরণপূর্বক শুধুমাত্র MPO ভুক্ত শূন্যপদের অধিযাচন প্রেরণ করবেন। অনলাইন ফরমটি পূরণের সময় এনটিআরসিএ'র ওয়েবসাইটে প্রদর্শিত ই-রিকুইজিশন সংক্রান্ত নির্দেশিকাটি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪। প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক অনলাইনে ই-রিকুইজিশন দাখিলের পর সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (USEO) এবং পরবর্তীতে জেলা শিক্ষা অফিসার (DEO) তাদের নিজ নিজ User ID/Password ব্যবহার করে ই-রিকুইজিশন প্ল্যাটফরমে প্রবেশ করবেন এবং প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক প্রেরিত শূন্য পদের তালিকাটি পুঙ্খানুপুঙ্খভাবে যাচাইপূর্বক অনলাইনে সাবমিট করবেন।

৫। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশ পর্যায়ে (entry level) MPO ক্যাটাগরির শিক্ষকের শূন্যপদের অধিযাচন প্রদানের জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো। Non-MPO পদের জন্য শূন্য পদের চাহিদা সংক্রান্ত অধিযাচন (e-Requisition) পরবর্তীতে গ্রহণ করা হবে।


(কাজী কামরুল আহছান)
পরিচালক (উপসচিব)
শিক্ষাতন্ত্র ও শিক্ষামান
এনটিআরসিএ, ঢাকা।
ফোনঃ ০২-৪১০৩০১২১